# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর-এর নিম্ন বর্ণিত নিলামযোগ্য মালামাল প্রকাশ্য নিলামে বিক্রয়ের নিমিত্তে আগামী ২৯/০৭/২৬ খ্রি. তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার সময় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর প্রাঙ্গনে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত ধার্য তারিখ ও সময়ে আগ্রহী ব্যক্তি / প্রতিষ্ঠানকে নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য বলা হলো।

## নিলামে বিক্রয়যোগ্য আলামতঃ

| ক্রঃ নং | নিলামে বিক্রয়যোগ্য মালামাল সমূহের বর্ণনাঃ | পরিমাণ | মামলার বিবরণ |
|---|---|---|---|
| ১. | বেনাপোল পোর্ট থানাধীন বাহাদুরপুর ইউনিয়নের ৩৬ নং বাহাদুরপুর মৌজার ১ নং খতিয়ানের ৩৩৩১ নং দাগের সরকারি জমি হতে অবৈধভাবে উত্তোলিত বালু | ১৫২৩.২০M৩ (1523.20$M^3$) | ১। বেনাপোল পোর্ট থানার মিস মামলা নং-০১/২০২৫।<br>২। বেনাপোল ইউনিয়ন ভূমি অফিস, শার্শা, যশোর-এর ১৫/০৪/২০২৫ খ্রি. তারিখের ১০২ নং স্মারক। |

**উপরে উল্লিখিত আলামত নিলামে ক্রয়ের লক্ষ্যে নিলামে অংশগ্রহণকারীকে অবশ্যই নিম্নে বর্ণিত শর্তাবলী প্রতিপালন করতে হবে।**

০১। আগামী ২৯/০৭/২০২৬ ইং তারিখ রোজ বুধবার বিকাল ০৩:৩০ ঘটিকায় প্রকাশ্য নিলাম কার্যক্রম যশোর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের এজলাসে অনুষ্ঠিত হবে। (রুম নং- ২০৬)

০২। আগ্রহীক্রেতাকে ২০০০/- টাকাসহ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে এবং মূলকপি সাথে রাখতে হবে।

০৩। নিলাম ক্রেতাকে ক্রয় বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% ট্যাক্স প্রদান করতে হবে।

০৪। সর্বোচ্চ দরদাতা / নিলাম ক্রেতাকে পরবর্তী কার্যদিবসের মধ্যে অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে। ব্যর্থতায় দাখিলী **জামানত ২০০০/- টাকা বাজেয়াপ্ত** করাসহ পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে নিলাম ক্রয়ের জন্য আহবান করা হবে।

০৫। আগামী ২৮/০৭/২০২৬ ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে বেনাপোল পোর্ট থানাধীন বাহাদুরপুর ইউনিয়নের ৩৬ নং বাহাদুরপুর মৌজার ১ নং খতিয়ানের ৩৩৩১ নং দাগে জব্দকৃত বালু এসএম সাকির উদ্দিন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও প্রশাসক বাহাদুরপুর ইউনিয়ন পরিষদ, শার্শা, যশোর-এর নিকট জিম্মায় রয়েছে তা সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

০৬। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ নিলামের যে কোন পর্যায়ে নিলাম কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

২২/০৭/২০২৬

**(মোঃ আছাদুল ইসলাম)**
অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি, নিলাম কমিটি, সিজেএম কোর্ট, যশোর।